যুগান্তর

তারিখ ... 10. SEP. 2015 ...
পৃষ্ঠা ...১৭... কলাম.... ১-৬....

# আলোচনার মাধ্যমে শিক্ষক আন্দোলন সুরাহা করুন

## সংসদে কাজী ফিরোজ রশীদ

**সংসদ রিপোর্টার**

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের অব্যাহত আন্দোলন সুরাহার জন্য শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীকে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় সংসদ সদস্য কাজী ফিরোজ রশিদ। বুধবার রাতে জাতীয় সংসদের অধিবেশনে অনির্ধারিত আলোচনায় অংশ নিয়ে তিনি এ আহ্বান করেন। কাজী ফিরোজ রশিদ বলেন, শিক্ষকদের আন্দোলনে শিক্ষার্থীদের লেখাপড়া বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। তাদের কর্মবিরতি থেকে কীভাবে ক্লাসে ফিরিয়ে আনা যায় এ জন্য তাদের সঙ্গে আলোচনা করা দরকার। এখানে এখন শিক্ষামন্ত্রী নেই। তাই এ অবস্থা থেকে তাদের ফিরিয়ে আনতে অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করে সুরাহা করা দরকার।

অন্যথায় ছাত্রছাত্রীদের বিরাট ক্ষতি হয়ে যাবে। কারণ ৩৭টি বিশ্ববিদ্যালয় বন্ধ হয়ে গেছে। আবার কলেজের শিক্ষকরাও তাদের সঙ্গে যোগ দিতে চাচ্ছে। বিশ্ববিদ্যালয়গুলোতে সেশন জটের কথা উল্লেখ করে তিনি বলেন, এমনিতেই সেশন জট, তারপর আবার শিক্ষকদের ধারাবাহিক কর্মবিরতি, এটা অব্যাহত থাকলে আমরা পিছিয়ে যাব। তার আগে স্বতন্ত্র সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী অনির্ধারিত প্রশ্নে শিক্ষকদের আন্দোলন প্রসঙ্গে লিখিত বক্তব্য শুরু করলে সংসদ অধিবেশনে স্পিকারের দায়িত্ব পালনকারী ডেপুটি স্পিকার ফজলে রাব্বী মিয়া তার বক্তব্য থামিয়ে দেন। ফজলে রাব্বী মিয়া তাহজীব আলমের উদ্দেশে বলেন, মাননীয় সংসদ সদস্য, আপনি পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে কাউকে আক্রমণ করে বক্তব্য দিতে পারেন না। এটা কিন্তু সংসদীয় কার্যবিধিতে নেই। আপনি এ বিষয়ে বক্তব্য দিতে চাইলে নোটিশ দেন।